

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১১.০০১.১৯.৭১

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৫

১৪ মার্চ ২০১৯

বিষয়: পাংশা সরকারি কলেজ এর প্রভাষক আবু ছাঈদ মোহাম্মাদ নূরুল হদা এর এডহক নিয়োগ।

সূত্র: -*/*-

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার পাংশা উপজেলাধীন সরকারিকৃত পাংশা কলেজের প্রভাষক জনাব আবু ছাঈদ মোহাম্মাদ নূরুল হদা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আরবী ও ইসলামিক স্টাডিজ বিভাগ থেকে ১৯৮৭ সালে আরবী বিষয়ে বি.এ. অনার্স (রোল ৪২১) ডিগ্রি এবং ১৯৮৮ সালে একই বিভাগ থেকে ইসলামিক স্টাডিজ বিষয়ে এম.এ. (রোল ৪৮৫) ডিগ্রি অর্জন করেন। উল্লেখ্য যে, উল্লিখিত বর্ষসমূহে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আরবী ও ইসলামিক স্টাডিজ একই বিভাগ হওয়ার কারণে একটি অপরটির সংশ্লিষ্ট বিষয় হিসেবে গণ্য করা হতো বিধায় অর্ডিন্যান্স অনুযায়ী এ বিভাগে একজন শিক্ষার্থী আরবী বিষয়ে অনার্স ডিগ্রি অর্জন করার পর ইসলামিক স্টাডিজ বিষয়ে এম.এ. ডিগ্রি অর্জন করার সুযোগ লাভ করত। এরই ধারাবাহিকতায় আবু ছাঈদ মোহাম্মাদ নূরুল হদা আরবী বিষয়ে অনার্স এবং ইসলামিক স্টাডিজ বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে আত্মীকরণ প্রক্রিয়ার অংশ হিসেবে তার অনুকূলে ইসলামি শিক্ষা বিষয়ে পদ সৃজন করা হয়। আরবী বিষয়ে অনার্স এবং ইসলামিক স্টাডিজ বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করায় তার এডহক নিয়োগে জটিলতার সৃষ্টি হয়।

এমতাবস্থায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রত্যয়নের তথ্য অনুযায়ী জনাব আবু ছাঈদ মোহাম্মাদ নূরুল হদাকে প্রভাষক, ইসলাম শিক্ষা পদে এডহক নিয়োগ দেয়া যাবে কিনা এ বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।



১৪-৩-২০১৯

মোহাম্মাদ রাশেদুল ইসলাম
উপসচিব

সচিব

সচিবের দপ্তর

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১১.০০১.১৯.৭১/১(৫)

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৫

১৪ মার্চ ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ, পাংশা সরকারি কলেজ, পাংশা, রাজবাড়ী।

৫) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৪-৩-২০১৯

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব